আগামী বছর যুক্তরাষ্ট্রে বসছে কোপা আমেরিকা

দক্ষিণ আমেরিকান ফুটবলের সর্বোচ্চ সম্মানের কোপা আমেরিকার পরবর্তী আসর অনুষ্ঠিত হবে ২০২৪ সালে যুক্তরাষ্ট্রে। যেখানে কনমেবল থেকে ১০টি ও কনকাকাফ অঞ্চল থেকে ৬টি দল অংশ নিবে।

উত্তর ও মধ্য আমেরিকা ও ক্যারিবিয়ান কনফেডারেশনের সর্বোচ্চ সংস্থা কনকাকাফের সঙ্গে মিলে আবারো যৌথভাবে দক্ষিণ আমেরিকান অঞ্চলের সর্বোচ্চ সংস্থা কনমেবল এই কোপা আমেরিকা আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে। উত্তর ও দক্ষিণ আমেরিকান অঞ্চলের নতুন বিভিন্ন সমঝোতার অংশ হিসেবে যৌথ আয়োজনের এই ঘোষণা দেওয়া হয়েছে। কোপা আমেরিকা ছাড়াও ক্লাব ও নারী ফুটবলেও এই দুই অঞ্চলের মধ্যে যৌথ বেশ কিছু টুর্নামেন্ট আয়োজন করা হবে।

কনমেবল প্রেসিডেন্ট আলেহান্দ্রো ডোমিনগুয়েজ জানিয়েছেন, দুটি সংস্থাই চাইছে আরো বেশি ও ভাল প্রতিযোগিতার আয়োজন করতে যাতে করে কার্যত ফুটবলের মান ও শক্তি দুটোই বৃদ্ধি পাবে। উভয় ফেডারেশনেরই বিশ্বজুড়ে জনপ্রিয়তা রয়েছে। কিন্তু যৌথভাবে সবকিছু হলে এর থেকে আরো ভাল কিছু পাওয়া সম্ভব।

কনকাকাফের তিন দেশ যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায় যৌথভাবে ২০২৬ সালের বিশ্বকাপ আয়োজিত হবে। দুই বছর আগে ১৬ দলের অংশগ্রহণে কোপা আমেরিকা আয়োজন নিঃসন্দেহে সমর্থক ও আয়োজকদের জন্য একটি এসিড টেস্ট হিসেবে গণ্য হবে। এছাড়া ২০২৪ সালের কোপা আমেরিকা যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হওয়ায় বিশ্বকাপের আয়োজক তিনটি দেশই প্রস্তুতিমূলক টুর্ণামেন্টের সুযোগ পাচ্ছে।

এর আগে ২০১৬ সালে কোপা আমেরিকার শতবর্ষ উপলক্ষে আয়োজিত বিশেষ আয়োজনটি যুক্তরাষ্ট্রে আয়োজিত হয়েছিল যেখানে কনকাকাফ’র দেশগুলো অংশ নিয়েছিল। আগামী বছরের কোপা আমেরিকার জন্য কনকাকাফ অঞ্চলের ৬টি দেশ ২০২৩/২৪ কনকাকাফ নেশন্স লিগ প্রতিযোগিতার ফলাফলের ভিত্তিতে বাছাই করা হবে। এই আয়োজনটি মূলত ইকুয়েডরের আয়োজিত হবার কথা থাকলেও তারা টুর্নামেন্ট আয়োজনে অপরাগতা জানায়।

কনকাকাফ আরো জানিয়েছে, আগামী বছর তারা ‘ফাইনাল ফোর’ আদলে একটি

প্রতিযোগিতার আয়োজন করবে যেখানে দুই অঞ্চলের শীর্ষ চারটি ক্লাব অংশ নিবে। এই চারটি ক্লাব চলমান কনমেবল ও কনকাকাফ ক্লাব প্রতিযোগিতার মাধ্যমে বাছাই করা হবে।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদায় সিক্স সাইড ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদায় সিক্স সাইড ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বেলা সাড়ে ৩টার দিকে পুড়াপাড়া যুব সমাজের আয়োজনে উপজেলা সদরে পুড়াপাড়া রাজা ইটভাটা সংলগ্ন সামছুল উলুম শান্তিবাগ ইসলামিয়া মাদ্রাসা ও এতিমখানার মাঠে এই ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য ও কেশবপুর উজ্জ্বল ক্লাবের সভাপতি শামসুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। এ সময় আরো উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা আব্দুল আলিম, জাহাঙ্গীর আলমসহ গ্রামের স্থানীয় ব্যক্তিবর্গ।

খেলায় যে দুটি দল অংশগ্রহণ করেন তারা হলেন, পুড়াপাড়া জুনিয়র একাদশ ও কেশবপুর একাদশ। ৫০ মিনিটের এই খেলায় কোন দলই গোল করতে না পারায় পুনরায় পাঁচ মিনিট এক্সট্রা টাইম দেওয়া হয়। তাতেও কোন দল গোল করতে না পারলে খেলা ট্রাইবেকারে গড়াই। কেশবপুর একাদশ ট্রাইবেকারে ২টি গোল দেয় এবং পুড়াপাড়া জুনিয়র একাদশ ৩টি গোল দিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। খেলায় চ্যাম্পিয়ন হয় পুড়াপাড়া জুনিয়র একাদশ এবং রানার্স আপ হয় কেশবপুর একাদশ।

উক্ত সিক্স সাইড ফুটবল টুর্নামেন্টে ম্যান অফ দ্যা ম্যাচ

নির্বাচিত হয় পুড়াপাড়া জুনিয়র একাদশের তৌফিক রহমান। চ্যাম্পিয়ন দলকে ট্রফি এবং নগদ ২ হাজার টাকা পুরস্কার প্রদান করা হয়। অপরদিকে রানার্স আপ দলকে টফি এবং ১ হাজার ৫০০ টাকা নগদ প্রদান করা হয়। খেলায় রেফারির দায়িত্ব পালন করেন আতিকুল ইসলাম রনি। সহকারী রেফারি দায়িত্ব পালন করেন মনিরুল ইসলাম ও মাসুদ রানা।

মুজিবনগর প্রিমিয়ার ক্রিকেট লিগ সিজন২ এর শুভ উদ্বোধন

“মাদক, দুর্নীতি ও বাল্যবিবাহ রোধ এবং সুস্থ সমাজ গড়ার প্রত্যয়ে রামনগর যুব সমাজের আয়োজনে, মুজিবনগর প্রিমিয়ার ক্রিকেট লিগ (সিজন ২) এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার দুপুর ২ টা ৩০ মিনিটের সময় মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের রামনগর খেলার মাঠে এই প্রিমিয়ার ক্রিকেট লিগের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ক্রিকেট লীগের উদ্বোধন করেন।
এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক আব্দুর রাজ্জাক, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মুজিবনগর থানা তদন্ত অফিসার আব্দুল আলিম, যশোর চৌগাছা উপজেলা কৃষি অফিসার মুসাব্বির হোসাইন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহাবুব আলম রবি, যুবনেতা হাসানুজ্জামান লাল্টু, মুজিবনগর প্রিমিয়ার লিগের সমন্বয়কারী শাহাবুদ্দিন এবং আয়োজক কমিটি সদস্য শামীম শিশির, তারিকুল ইসলাম, মাইদুল ইসলাম, জাহিদ, হাবিবুর, সবুজ, আব্দুল মালেক, মজিবুল ইসলাম, আব্দুল মহিদ মোল্লা, সোহেল রানা।

উদ্বোধনের শুরুতেই আমন্ত্রিত অতিথিদের ফুলের তোড়া দিয়ে

শুভেচ্ছা জানান ক্রিকেট লীগের আয়োজক কমিটির সদস্য বৃন্দ। পরে প্রধান অতিথি মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ব্যাট দিয়ে বল মেরে খেলার উদ্বোধন করেন।

উদ্বোধনী খেলায় একদিকে অংশগ্রহণ করে আনন্দবাস থেকে একাদশ অপরদিকে মেহেরপুর পৌর ২ নম্বর ওয়ার্ড ক্রিকেট একাদশ।

উদ্বোধনী খেলায় আনন্দবাস একাদশ টসে জিতে ব্যাট নিয়ে ১২২ রান করে জবাবে মেহেরপুর পৌর ২ নম্বর ওয়ার্ড একাদশ ১১৬ রান করতে সক্ষম হয়। ৬ রানে জয় পায় আনন্দবাস একাদশ। খেলাটি পরিচালনা করেন, আব্দুস সালাম মোল্লা ও হারুনুর রশিদ।

উদ্বোধনী অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনা এবং খেলার ধারাভাষ্যকার হিসেবে ছিলেন শামীম শিশির এবং তারিকুল ইসলাম।

এবারের মুজিবনগর প্রিমিয়ার ক্রিকেট লিগের নক আউট ভিত্তিক খেলায় ৩২টি দল অংশগ্রহন করছে।

ঘরের মাঠে শত রানও করতে পারলো না সিলেট

বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) সিলেট পর্বের প্রথম ম্যাচে নিজেদের মাঠে ব্যাটিং বিপর্যয়ে পরে সিলেট স্ট্রাইকার্স। রংপুর রাইডার্সকে ৯৩ রানের টার্গেট দিয়েছে সিলেট স্ট্রাইকার্স। শুক্রবার (২৭ জানুয়ারি) সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে টসে জিতে সিলেটকে ব্যাটিংয়ে পাঠায় রংপুরের অধিনায়ক নুরুল হাসান সোহান। প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে ৯২ রান সংগ্রহ করে সিলেট স্ট্রাইকার্স।

টস হেরে ব্যাট করতে নেমে দলীয় ৪ রানে টম মোরেসের উইকেট হারায় সিলেট। ৭ বলে ২ রান করে আউট হন টম মোরেস। এরপর দলীয় ১২ রানে আরও চার ব্যাটারকে হারায় সিলেট। ওপেনার নাজমুল শান্ত ৯ বলে ৯ রান করে সাজঘরে ফেরার পর তিন ব্যাটার সাজঘরে ফিরেন খালি।

জাকির হাসান, তৌহিদ হ্রদয় ও মুশফিকুর রহিম রানের খাতা না খুলেই আউট হন। শুরুর ধাক্কা আর সামাল দিতে পারেনি সিলেটের ব্যাটাররা। এরপর দলীয় ১৭ ও ১৮ রানে আরও দুই ব্যাটারকে হারায় সিলেট। ১০ বলে ৩ রান করে থিসারা পেরেরা ও ১১ বলে ১ রান করে আউট হন ইমাদ ওয়াসিম।

এরপর অষ্টম উইকেট জুটিতে তানজীম হাসান সাকিব ও অধিনায়ক মাশরাফি মিলে ৪৮ রানের জুটি গড়েন। তবে দলীয় ৬৬ রানে ২১ বলে ২১ রান করে আউট হন মাশরাফি। এরপর ক্রিজে আসা মোহাম্মদ আমিরকে সঙ্গে নিয়ে আরও আরও ১৯ রান যোগ করেন তানজিম।

তবে দলীয় ৮৫ রানে দলের ৩৬ বলে ৪১ রান করে আউট হন তানজীম হাসান সাকিব। শেষ পর্যন্ত নির্ধারিত ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে ৯২ রান সংগ্রহ করে সিলেট স্ট্রাইকার্স। রংপুর রাইডার্সের পক্ষে আজমতউল্লাহ ওমরজাই ও হাসান মাহমুদ নেন ৩টি করে উইকেট।

বর্ষসেরা ক্রিকেটার বাবর আজম

আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) ২০২২ সালের বর্ষসেরা ক্রিকেটারের পুরস্কার স্যার গারফিল্ড সোবার্স ট্রফি জিতেছেন পাকিস্তানের অধিনায়ক বাবর আজম। বৃহস্পতিবার (২৬ জানুয়ারি) আইসিসি তাদের ওয়েবসাইটে এই তথ্য প্রকাশ করে।

২০২২ সাল স্বপ্নের মতো কাটিয়েছেন বাবর আজম। ব্যাট হাতে সব মিলিয়ে ৪৪ ম্যাচ খেলে ৫৪.১২ গড়ে ৮টি সেঞ্চুরি ও ১৫টি ফিফটিতে করেছেন ২৫৯৮ রান। আর এমন পারফরম্যান্সে পুরস্কারস্বরূপ বর্ষসেরা ক্রিকেটারের খেতাব পেলেন বাবর আজম। ইংল্যান্ডের বেন স্টোকস, জিম্বাবুয়ের সিকান্দার রাজা ও নিউজিল্যান্ডের টিম সাউদিকে পেছনে ফেলে আইসিসির বর্ষসেরা ক্রিকেটারের পুরস্কার স্যার গারফিল্ড সোবার্স ট্রফি জিতেছেন বাবর।

এর আগে ২০২২ সালের ওয়ানডে বর্ষসেরা ক্রিকেটার নির্বাচিত হন পাকিস্তানের এই অধিনায়ক। এই নিয়ে টানা দুইবার ওয়ানডে বর্ষসেরা ক্রিকেটার নির্বাচিত হন বাবর। ২০২২ সালে ৯টি এক দিনের ম্যাচ খেলে ৩টি শতক ও ৫টি অর্ধশতকে ৬৭৯ রান করেন বাবর আজম।

দামুড়হুদায় উপজেলা পর্যায়ে শেখ কামাল আন্তঃস্কুল প্রতিযোগিতা ও পুরুষ্কার বিতরণ

দামুড়হুদায় উপজেলা পর্যায়ে শেখ কামাল আন্তঃস্কুল ও মাদরাসা ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। বুধবার দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে দিনব্যাপী প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপজেলার ৮ টি ইউনিয়ন ও একটি পৌরসভার মোট ২৮৮ জন শিক্ষার্থী প্রতিযোগিতা অংশ নেয়। খেলা শেষে বিকেলে বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে পুরুষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু। বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমারদাস, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম।

উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান কামাল হোসেন, হাউলী ইউপি চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল। উপস্থিত ছিলেন মোক্তারপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক বকতিয়ার উদ্দিন, জয়রামপুর ডিএস দাখিল মাদ্রাসার সুপার শহিদুল ইসলাম, দামুড়হুদা ডিএস দাখিল মাদরাসার সহকারী সুপার জয়নাল আবেদীনসহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

খেলা পরিচালনা করেন ক্রীড়া শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান খোকন, আশাদুল হক, সামসুল হক, আব্দুল খালেক, ইউসুফ আলী, মাহমুদুল হাসান, ইব্রাহিম হোসেন, কামাল হোসেন, জাহিদুল ইসলাম, তিতুয়ার রহমান,

জহির রায়হান ও জাফর আলী। অনুষ্ঠান পরিচালনা করেন শিক্ষক মিরাজুল ইসলাম ও মোস্তাফিজুর রহমান।

ইমরুলকে ছাড়িয়ে বাবরের পাশে গিল

নিউজিল্যান্ডের বিপক্ষে সদ্য শেষ হওয়া তিন ম্যাচের ওয়ানডে সিরিজে দুর্দান্ত পারফরম্যান্স করেছেন ভারতীয় তরুণ তারকা ওপেনার শুভমান গিল।

তিন ম্যাচে এক ডাবল আর এক সেঞ্চুরিতে ৩৬০ রান করেন শুভমান গিল। এই রান করার পথে বাংলাদেশ দলে ‘সাবেক’ হয়ে যাওয়া তারকা ওপেনার ইমরুল কায়েসকে ছাড়িয়ে পাকিস্তানের অধিনায়ক বাবর আজমের রেকর্ডে ভাগ বসান গিল।

২০১৬ সালে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজে ৩৬০ রান করেছিলেন পাকিস্তানের তারকা ব্যাটসম্যান বাবর আজম। সেই সিরিজে তিনি সব ম্যাচেই সেঞ্চুরি করেছিলেন।

তিন ম্যাচ সিরিজের রেকর্ড রান করার তালিকায় দ্বিতীয় পজিশনে আছেন বাংলাদেশের ইমরুল কায়েস। ২০১৮ সালে ঘরের মাঠে জিম্বাবুয়ের বিপক্ষে তিন ম্যাচের সিরিজে দুই সেঞ্চুরিতে ৩৪৯ রান করেছিলেন বাঁহাতি এই ব্যাটসম্যান।

নিউজিল্যান্ডের বিপক্ষে সদ্য শেষ হওয়া তিন ম্যাচের ওয়ানডে সিরিজের প্রথম খেলায় হায়দরাবাদে শুভমান গিল সর্বকনিষ্ঠ ব্যাটসম্যান হিসেবে ডাবল সেঞ্চুরির করেন। সেই ম্যাচে ১৪৯ বলে ১৯টি চার আর ৯টি ছক্কার সাহায্যে গিল খেলেন ২০৮ রানের বিধ্বংসী ইনিংস।

রায়পুরে সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে দলকে জয় উপহার দিয়ে ৬ চারে ৪০ রানের ইনিংস খেলে অপরাজিত থাকেন গিল।

মঙ্গলবার ইনডোরের হলকার স্টেডিয়ামে সিরিজের শেষ ওয়ানডেতে ৭৮ বলে

১৩টি চার আর ৫টি ছক্কার সাহায্যে শুভমান খেলেন ১১২ রানের ইনিংস। ওয়ানডে ক্রিকেটে এটা তার চতুর্থ সেঞ্চুরি।

তিন ম্যাচে ২০৮, ৪০* ও ১১২ রানের ইনিংস খেলার মধ্য দিয়ে সিরিজে সর্বোচ্চ ৩৬০ রান করেন ভারতীয় এই তারকা ওপেনার। এই রান করার মধ্য দিয়ে পাকিস্তানের অধিনায়ক বাবর আজমের রেকর্ডে ভাগ বসান গিল।

দামুড়হুদায় শেখ কামাল আন্তঃস্কুল প্রতিযোগিতা অনুষ্ঠিত

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের আয়োজনে শেখ রাসেল মিনি স্টেডিয়ামে সকাল ১০ টায় দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলীর সভাপতিত্বে শেখ কামাল আন্তঃস্কুল ও মাদ্রাসা অ্যাথলেটিকস প্রতিযোগিতা ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী বলেন, খেলা ধুলায় হলো লেখা পড়ার পাশাপাশি একমাত্র মেধা বিকাশের হাতিয়ার, সাকিব মাশরাফিরা যেমন আমাদের দেশটাকে বিশ্বের বুকে পরিচয় দান করিয়েছে, সুতরাং আগামী দিনগুলোতে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এভাবে তৃণমূল পর্য়ায় থেকে এমন প্রতিযোগিতার মাধ্যম ঘরে ঘরে সাকিব মাশরাফি তৈরি করতে হবে।

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এ্যান্ড কলেজের সহকারী প্রধান শিক্ষক মিরাজুল ইসলামের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, দামুড়হুদা সরঃ পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম, পাটাচোরা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহাজান আলী, মুক্তারপুর নিম্ন মাধ্যমিক গার্লস স্কুলের প্রধান শিক্ষক বখতিয়ার হোসেন, কোনিয়া চাঁদপুর মাদ্রাসার সুপার সামসুল ইসলাম।

এই টুর্নামেন্টের সকল খেলা পরিচালনা করেন গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক ইকবাল হোসেন, দামুড়হুদা ডি.এস দাখিল মাদ্রাসার ক্রীড়া শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান খোকন, বিশিষ্ট ক্রীড়া সংগঠক ইউসুফ আলী প্রমূখ।

ঝিনাইদহে মাসব্যাপি ছাত্রীদের কারাতে প্রশিক্ষণের সমাপনি

ঝিনাইদহ সদর উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় মাধ্যমিক পর্যায়ের ছাত্রীদের মাসব্যাপি কারাতে প্রশিক্ষণের সমাপনি অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৪ জানুয়ারি) সকাল ১১টায় ঝিনাইদহ সদর উপজেলা চত্বরে এই সমাপনি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ইফটিজিং, নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ এবং কিশোরীদের নির্ভয়ে পথ চলার সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে মাস ব্যাপি এই কারাতে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।

সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলার নির্বাহী অফিসার সাদিয়া জেরিন। এসময় আরও উপস্থিত ছিলেন কারাতের প্রশিক্ষক ঝিনাইদহের ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান সোতোকান কারাতে দো’র প্রতিষ্ঠাতা পরিচালক কাজী আলি আহম্মেদ লিকু।

কোটচাঁদপুরে মরহুম ডাঃ ফজলে আকবর স্মৃতি ব্যাটমিন্টন

টুনামেন্ট অনুষ্ঠিত

কোটচাঁদপুরে মরহুম ডাঃ ফজলে আকবর স্মৃতি ব্যাটমিন্টন টুনামেন্ট অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার রাতে স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্সে এ খেলা করা হয়। খেলায় হৃদয়, ইমন দল জয়ী হয়েছেন।

খেলার আয়োজক কমিটির আহবায়ক আহাদ মন্ডল বলেন, মরহুম ডাঃ ফজলে আকবর ছিলেন এ এলাকার মানুষের প্রাণের ডাক্তার। ওনার কারনে অনেক মানুষ উপকৃত হয়েছেন। এ কারনে ফজলে আকবর স্মৃতিতে ব্যাটমিন্টন খেলার আয়োজন করা। তিনি বলেন,এ খেলায় ৮ টি দল অংশ গ্রহন করেন। যার মধ্যে ছিলেন, কোটচাঁদপুরের হৃদয়-ইমন,মহেশপুর বজরাপুরের অন্তর- সাঈফ,অপু-মিরাজ,সুজয়,ভালাইপুরের হায়দার-সোহেল,সাদ্দাম-শাহিন,গোবিন্দপুরের জাকির হোসেন,জীবন নগরের মাহবুব। খেলাটি সোমবার রাত ৮ টার সময় আনুষ্ঠানিক ভাবে উদ্ভোধন করা হয়। উদ্ভোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি,কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, কনসালটেন্ট রাইসুল ইসলাম জুয়েল, উপজেলা কৃষক লীগের সহ সভাপতি আনোয়ার হোসেন মুকুল, সাংবাদিক সুব্রত কুমার, মঈন উদ্দিন।

ওই রাতেই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলায় কোটচাঁদপুরের হৃদয় - ইমন দল জয়লাভ করেন। পরে জয়ীদের হাতে পুরস্কারের নগদ অর্থ তুলে দেন স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ রমিজ উদ্দিন (তপু)। এ সময় তিনি আয়োজকদের ধন্যবাদ জানান,এমন একটি খেলা আয়োজন করার জন্য। আশা প্রকাশ করেন সামনের দিনে তারা এমন খেলার আয়োজন অব্যহত রাখবেন।